



জাতিসংঘে রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরানোর প্রস্তাব অনুমোদন



সংগৃহীত ছবি

জাতিসংঘ সাধারণ পরিষদের তৃতীয় কমিটি রোহিঙ্গা মুসলিমদের নিরাপদ ও স্বেচ্ছাসেবীভাবে মিয়ানমারে প্রত্যাভাসনের জন্য একটি প্রস্তাব অনুমোদন করেছে। এতে রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান এবং বৈশ্বিক সমন্বিত প্রচেষ্টা জোরদার করার আহ্বান জানানো হয়েছে। প্রস্তাবটি উত্থাপন করেছে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (ওআইসি) ও ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), এবং ১০৫টি দেশ এটি সমর্থন জানিয়েছে।

২০১৭ সাল থেকে প্রতি বছর প্রস্তাবটি গৃহীত হয়ে আসছে। এতে রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের ওপর নিপীড়ন, মানবাধিকার লঙ্ঘন, মানবিক সহায়তা পৌঁছাতে বাধা এবং বাংলাদেশ ও অন্যান্য প্রতিবেশী দেশে অব্যাহত অনুপ্রবেশকে কেন্দ্র করে উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

প্রস্তাবে আন্তর্জাতিক সম্প্রদায়কে রোহিঙ্গাদের নিরাপদ, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাভাসনের জন্য সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানানো হয়েছে। বাংলাদেশ প্রতিনিধি দল দেশগুলোর সমর্থনের জন্য কৃতজ্ঞতা জানালেও তারা জানিয়েছে, গত আট বছরে কোনো কার্যকর অগ্রগতি হয়নি। প্রতিনিধি দল বিশেষভাবে সতর্ক করেছে যে বাংলাদেশ আর ১৩ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ার চাপ বহন করতে পারছে না এবং মিয়ানমারে তাদের ফেরাতে জরুরি আন্তর্জাতিক পদক্ষেপ প্রয়োজন।